



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

মাদরাসা পরিদর্শন দপ্তর

বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং-ইআবি/পরি/কামিল-মাস্টার্স/অধিভুক্তি/২০১৭/১৫৭১০

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

অফিস আদেশ

ছিপাতলী জামেয়া গাউছিয়া মুঈনীয়া কামিল মাদরাসা, ডাকঘর: গাউছিয়া, উপজেলা: হাটহাজারী, জেলা: চট্টগ্রাম (মাদরাসা কোড: ১৭৫২১, EIIN: ১০৪৪৫৫)-এর কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ০১ বছর মেয়াদি আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ ও দাওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিভাগ অধিভুক্তির বিষয়ে অধ্যক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় আইন ২০১৩ এর প্রথম সংবিধির ধারা ৪.(৪) 'ক' অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদন, ১৭.১১.২০২৫ তারিখে অনুষ্ঠিত অধিভুক্তি কমিটির ১৪শ সভার সিদ্ধান্ত ও সুপারিশ, ১৯.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত একাডেমিক কাউন্সিলের ২২তম সভার সিদ্ধান্ত-০৪ এবং ২০.০১.২০২৬ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪০তম সভার অনুমোদনক্রমে উক্ত মাদরাসাকে কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ০১ বছর মেয়াদি আল কুরআন অ্যান্ড ইসলামিক স্টাডিজ ও দাওয়াহ অ্যান্ড ইসলামিক স্টাডিজ বিষয়ে নিম্নবর্ণিত শর্তে ১৭.১১.২০২৫ থেকে ১৬.১১.২০২৭ তারিখ পর্যন্ত আগামী ০২ (দুই) বছরের জন্য প্রাথমিক পাঠদানের মেয়াদ বৃদ্ধি করা হলো:

শর্তসমূহ:

১. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের তৃতীয় সংবিধি মোতাবেক শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা ও কামা ফলাফল অর্জন করতে হবে;
২. কামিল মাস্টার্স শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং দৈনিক ক্লাসে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে;
৩. ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের কামিল মাস্টার্স বিভাগের সিলেবাসে উল্লিখিত রেফারেন্স বইসমূহ মাদরাসার লাইব্রেরিতে সংরক্ষণ করতে হবে;
৪. লাইব্রেরি বুক কোডিং সিস্টেম (Library Book Coding System) অনুসরণ করে লাইব্রেরির বইগুলো সুশৃঙ্খলভাবে সংরক্ষণ, অনুসন্ধান ও পরিসংখ্যানের ব্যবস্থা করতে হবে;
৫. মাদরাসার লাইব্রেরিতে শিক্ষক ও শিক্ষার্থীদের পড়ালেখার জন্য সময় নির্ধারণ করতে হবে এবং বই ইস্যু রেজিস্টারের যাবতীয় তথ্য হালনাগাদ করতে হবে;
৬. দৈনিক হাজিরা বহিতে মাদরাসার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের আগমন-প্রস্থান নিশ্চিত করতে হবে;
৭. মাদরাসার শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীগণের নিয়মিত বায়োমেট্রিক হাজিরা নিশ্চিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৮. মাদরাসায় হোস্টেল চালু করতে হবে এবং হোস্টেলে পড়ালেখার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে হবে;
৯. মাল্টিমিডিয়া প্রজেক্টরসহ কম্পিউটার ল্যাব চালু করতে হবে;
১০. শিক্ষার্থীদের মেধা বিকাশের জন্য নিম্নোক্ত ক্লাবসমূহ গঠন করতে হবে:
ক. Debate & Public Speaking Club, খ. Language & Literacy Club [Arabic, English, Bangla),
গ. Creative writing/Poetry Club, Art & Photography Club.
১১. প্রাথমিক পাঠদানের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

অধ্যক্ষ

ছিপাতলী জামেয়া গাউছিয়া মুঈনীয়া কামিল মাদরাসা
গাউছিয়া, হাটহাজারী, জেলা: চট্টগ্রাম

(মো: জাহান উদ্দিন)

সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

স্মারক নং-ইআবি/পরি/কামিল-মাস্টার্স/অধিভুক্তি/২০১৭/১৫৭১০

তারিখ: ২৩ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
০৬ এপ্রিল, ২০২৬ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, গাউড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০;
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১;
৩. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইআবি, ঢাকা;
৪. প্রোগ্রামার, আইসিটি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৫. সভাপতি, ছিপাতলী জামেয়া গাউছিয়া মুঈনীয়া কামিল মাদরাসা, ডাকঘর: গাউছিয়া, উপজেলা: হাটহাজারী, জেলা: চট্টগ্রাম
৬. অফিস নথি।

(মুহাম্মদ মশিউর রহমান)

সেকশন অফিসার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়